

## 💵 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪০২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৯৪]

১৩/ মহান আল্লাহর প্রশংসা ও তাঁর কৃতজ্ঞতা স্বীকার (کتاب حمد الله تعالى وشکره)

পরিচ্ছেদঃ ২৪২: মহান আল্লাহর শুকরিয়া আদায় করা ওয়াজিব

(242) بابُ فَضْلِ الْحَمْدِ وَالشُّكْرِ

আরবী

وَعَنْهُ عَنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم قال: «كُلُّ أَمْرٍ ذِيْ بَالٍ لَا يُبْدَأُ فِيْهِ بِــ: الْحَمْدُ لِلَّه فَهُوَ أَقْطُع» حديثٌ حسَنٌ، رواهُ أبو داود وغيرُهُ.

বাংলা

২/১৪০২। আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: প্রতিটি গুরুত্বপূর্ণ কাজ আল্লাহর প্রশংসার সাথে আরম্ভ না করলে অসম্পূর্ণ থেকে যায়। (আবূ দাউদ প্রমুখ) [1]

## **English**

(242) Chapter: The Obligation of Gratitude

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) said, "Any matter of importance which is not begun with Al-hamdu lillah (praise be to Allah) remains defective."

[Abu Dawud].

Commentary: There is another Hadith to the effect that every important work which is not started with the invocation "Bismillah" is devoid of Allah's Grace. Sheikh Al-Albani's opinion about these two Ahadith is that their text is confused and its authority is weak. He has, however, regarded it as acceptable "Mursal" (Ahadith narrated by a student of a Companion deleting the Companion's name). (For details please see Irwa-ul-Ghalil, vol. I, 1,2). In any case, it is desirable to begin every good work with the Glorious Name of Allah and His Praise.

ফুটনোট



[1] আমি (আলবানী) বলছিঃ হাদীসটি সনদ দুর্বল আর ভাষায় ইযতিরাব সংঘটিত হয়েছে যেমনটি আমি "ইরওয়াউল গালীল" গ্রন্থের প্রথমে (১-২) ব্যাখ্যা করেছি। এর সনদের বর্ণনাকারী কুর্রা ইবনু আব্দির রহমান মু'য়াফিরী সম্পর্কে ইমাম আহমাদ বলেনঃ তিনি খুবই মুনকারুল হাদীস আর ইবনু মা'ঈন তার সম্পর্কে বলেনঃ তিনি দুর্বল। শু'য়াইব আলআরনাউতও হাদীসটিকে দুর্বল আখ্যা দিয়েছেন। দেখুন আবৃ আব্দুর রহমান আব্দুল্লাহ্ নায়াঅনী কর্তৃক লিখিত গ্রন্থ "মাজমূ'আতুল আহাদীসুয় য'ঈফাহ্ ফী কিতাবি রিয়াযিস সালেহীন"(২৭)। বিস্তারিত জানতে "ইরওয়াউল গালীল" দেখুন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন